# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাড়ি ফিরার আগে পরিবারে খবর জানানো

লম্বা সফর থেকে বাড়ি ফিরার আগে পরিবারের লোক যদি আপনার আসার খবর না জানে, তাহলে রাত্রে হঠাৎ করে বাড়ি প্রবেশ করবেন না। কারণ, এতে হয়তো আপনি আপনার পরিবারে এমন কিছু লক্ষ্য করবেন, যা আপনি পছন্দ করেন না। আর তাতে আপনার সংসারে অশান্তি সৃষ্টি হতে পারে। সুতরাং বাড়ির কাছাকাছি কোন জায়গায় রাত কাটিয়ে দিনের বেলায় বাড়ি প্রবেশ করা উচিত। বরং সম্ভব হলে আগে খবর পাঠানো দরকার।

মহানবী (ﷺ) বলেন, “তোমাদের কেউ যখন (সফর থেকে) রাত্রে ফিরে আসে, তখন সে যেন অবশ্যই নিজ পরিবারের কাছে রাত্রেই প্রবেশ না করে। যাতে (ঐ মুসাফিরের) স্ত্রী অপ্রয়োজনীয় লোম সাফ করে এবং এলো কেশ আঁচড়ে নিতে পারে।” “বাড়ির লোকের বিশ্বাসঘাতকতা ধরা এবং তাদের ত্রুটি খোঁজার উদ্দেশ্যে রাতে রাতে বাড়ি প্রবেশ না করে।[1]

অবশ্য এই উদ্দেশ্যে আর একটি সুন্নাহ পালন করলে উপকৃত হবেন। আর তা হল এই যে, সফর থেকে এসে বাড়ি প্রবেশের পূর্বে মসজিদে গিয়ে ২ রাকআত নামায পড়ুন। তাহলে সেই সময়ের মধ্যে আপনার পৌঁছে যাওয়ার খবরও বাড়িতে পৌঁছে যাবে। মহানবী (ﷺ) সফর থেকে ফিরে বাড়ি প্রবেশের আগে মসজিদে গিয়ে ২ রাকআত নামায পড়তেন।[2]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ১৮০১, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৭১৫

[2]. বুখারী তাওহীদ পাবঃ হা/৩০৮৮, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৭৬৯ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন